# সুরক্ষা বার্তা

প্রকাশনায়, শিশু সুরক্ষা প্রকল্প

participates in survival strategies of coastal poor
COAST Foundation

৪৩তম সংস্করণ, অক্টোবর ০৩, ২০২১ খ্রিঃ, কক্সবাজার জেলায় অবস্থানরত স্থানীয় ও রোহিঙ্গা জনগোষ্ঠীর শিশু, কিশোর-কিশোরী, যুবাদের (মেয়ে ও ছেলে) আত্মোন্নয়নের মাধ্যমে প্রাণোচ্ছ্বল ও সুরক্ষিত পরিবেশ সম্প্রসারণমূলক প্রকল্প, কোস্ট উখিয়া রিলিফ অপারেশন সেন্টার, উখিয়া,কক্সবাজার

ইউনিসেফ-এর সহযোগিতায় কোস্ট কক্সবাজার জেলার স্থানীয় ও ক্যাম্পে বসবাসরত রোহিঙ্গা জনগোষ্ঠীর শিশু, কিশোর-কিশোরী, যুবাদের (মেয়ে ও ছেলে) আত্মোন্নয়নের মাধ্যমে প্রাণোচ্ছ্বল ও সুরক্ষিত পরিবেশ সম্প্রসারণমূলক প্রকল্প উখিয়া ও টেকনাফ উপজেলার ৮টি ক্যাম্প এবং ৩টি ইউনিয়নে বাস্তবায়ন করে আসছে। প্রকল্পটির মেয়াদ ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২১খ্রিঃ পর্যন্ত। প্রকল্পটি শিশু, কিশোর-কিশোরী ও যুবাদের সুরক্ষায় কেইসম্যানেজমেন্ট সেবা, মনোসামাজিক সেবা, জীবন দক্ষতা, প্রি-ভোকেশনাল প্রশিক্ষণ, ফলোআপ সেবা, সোস্যালহাব এবং শিশুসুরক্ষার ঝুঁকি হ্রাসে সচেতনতামূলক ক্যাম্পেইন, রেফারেল সেবাসহ বিভিন্ন সেবা প্রদান করছে,যা প্রকল্পের সুবিধাভোগীদের সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়নে অবদান রাখছে।

## mvgvwRK m¤úªxZ welqK `¶Zv Dbœqb cÖwk¶Y- kxl©K m¤úªxZi c‡_ GKwU c`‡¶c



*হাত-বন্ধনের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা সামাজিক সম্প্রীতির ধারণা প্রকাশ করছেন @জাহেদা বেগম_কোস্ট ফাউন্ডেশন_ইউরক*

জাতিসংঘ শিশু বিষয়ক সংস্থা ইউনিসেফের সহায়তায় দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা কোস্ট ফাউন্ডেশন শিশু সুরক্ষা প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছে। এই প্রকল্পের আওতাধীন সোশ্যাল হ্যাবে সোশ্যাল চেইঞ্জ এজেন্টদের জন্য সোশ্যাল কোহেশন বা সামাজিক সম্প্রীতি বিষয়ক সেশন পরিচালনার নিমিত্তে কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য সোশ্যাল হ্যাবের সাথে সংশ্লিষ্ট কর্মীদের নিয়ে ২৭-২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তরিখে সামাজিক সম্প্রীতি ও সহনশীলতা" বিষয়ক প্রশিক্ষণ কোস্ট ফাউন্ডেশন কোস্ট উখিয়া রিলিফ অপারেশন সেন্টারে ৩ দিন ব্যাপি অনুষ্ঠিত হয়েছে । ৩ দিনে মোট ১২ টি সেশন পরিচালিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে মোট উপস্থিত ছিলেন ১২ জন। এই প্রশিক্ষণের মাধ্যমে সহকর্মীগণ নতুন করে সোশ্যাল চেইন্জএজেন্টদের দক্ষতা বৃদ্ধি করতে পারবে এবং কিশোর কিশোরীদের  সেন্টারে আসার আগ্রহ বাড়াতে পারবে এবং ভাল ফলাফল পেতে  সহায়ক হবে।

## দীর্ঘ বন্ধের পর এমপিসিগুলোতে শিশু কিশোরদের হাসি কলরব

করোনা ভাইরাসের কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর এই মাসে শরনার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের অফিস হতে ক্যাম্পে এমপিসি খোলার অনুমতি দেয় হয়েছে যাতে করে আবারো কিশোর-কিশোরীদের প্রাণে লেগেছে সবুজের ছোঁয়া। কোস্ট ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত শিশু সুরক্ষা প্রকল্পের এমপিসিগুলো মনো-সামাজিক সহায়তা অধিবেশন পরিচালিত হচ্ছে। এই অধিবেশনের মাধ্যমে শিশু এবং কিশোর-কিশোরীদের স্বাভাবিক জীবনযাপন, স্থিতিশীলতা বজায় থাকা



*সেশনে শিশুদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ @মোহাম্মদ আলম_কোস্ট ফাউন্ডেশন_ক্যাম্প ৮ই*

এবং গঠনমূলক বিকাশ সম্ভব । এর ফলে কিশোর-কিশোরীরা স্বল্পমেয়াদী মানসিক যন্ত্রণার ঝুঁকি কমাতে পারে যা  তাদের দীর্ঘমেয়াদী মানসিক সমস্যার ক্ষতি হতে রক্ষা করতে পারে। এখন কিশোর কিশোরীরা কেন্দ্রে নিয়মিত আসে ও সেশনের পরে তারা খেলাধুলা ও বিভিন্ন সৃজনশীল কর্মকান্ডে অংশ নেয়। খেলাধুলার ফলে মন সতেজ থাকে। রিয়াজ নামে একজন কিশোর জানায়, পারিবারিক সমস্যার কারনে সে স্কুলে যেত না। ফলে সারাদিন ঘরে বসে থাকতে তার ভাল লাগত না ও স্কুল এর কথা মনে পড়ত। কিন্তু কেন্দ্রে তার ভাল সময় কাটে ও স্কুলের মতই শেখার সুযোগ হয়। কেন্দ্রে বাছাইকৃত কিশোর কিশোরীদের মনোসামাজিক সহায়তা দেয়া হয়।

## Rby GLb my¯’

জুই (ছদ্মনাম) তার পরিবারের সবচেয়ে ছোট সন্তান। সে মায়ানমারে খুব কম বয়সে তার বাবাকে হারিয়েছিলেন এবং তার মা এবং ভাইবোনদের সাথে বাংলাদেশে এসেছিলেন। তার মায়ের একার পক্ষে সন্তানদের দেখাশোনা করা খুব কঠিন। জুই তার পরিবারের সর্বকনিষ্ঠ সদস্য হওয়ায় নিজের যত্ন নিতে জানে না। ফলস্বরূপ, তার ডান পায়ে একজিমা রোগের সংক্রমন হয়েছে এবং সচেতনতার অভাবে তার মা



*মায়ের সাথে গণস্বাস্থ্যকেন্দ্রে জুই @তাসলিমা আকতার_কোস্ট ফাউন্ডেশন_ক্যাম্প ২২*

তেমন গুরুত্ব দেয়নি। কোস্টের একজন কেসওয়ার্কার  তা লক্ষ্য করে যখন জুই ব্যথা এবং চুলকানি নিয়ে কাঁদছিল। তিনি তাকে রোগ নির্ণয়ের জন্য তার মায়ের সাথে নিকটস্থ গণস্বাস্থ্যকেন্দ্রে (জিএসকে) নিয়ে আসে। রোগ নির্ণয়ের পর, তাকে  ১৫দিনের জন্য নির্ধারিত ওষুধ দেওয়া হয়েছিল। পরে, তাকে নিয়মিত ফলোআপ করা হয়েছে এবং তার রোগ উন্নতির পথে আগাচ্ছে। রোগে ক্ষতিগ্রস্ত অংশ শুকিয়ে গেছে। অধিকন্তু, পরিচ্ছন্নতা, বাচ্চাদের যত্ন নেওয়ার মতো ইতিবাচক প্যারেন্টিং টিপস তার মাকে দেওয়া হয়েছে যাতে আরও ভাল লালন -পালনের মাধ্যমে তার অবস্থার উন্নতি হয়।

## দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে ইউ-রিপোর্টার এবং সোশ্যাল চেইঞ্জ এজেন্টরা আরো উদ্দমী ও সচেতন হয়েছে



*সামাজিক সম্প্রীতি বিষয়ক প্রশিক্ষণে সোশ্যাল চেঞ্জ এজেন্টরা @কামাল হোসেন_কোস্ট ফাউন্ডেশন_রত্নাপালং এমপিসি*

সোশ্যাল হাব কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ অংশ হলেন ইউ-রিপোর্টার এবং সোশ্যাল চেইঞ্জ এজেন্টরা। স্থানীয় এবং রোহিঙ্গা সম্পদায়ের যুবাদের দক্ষতা বৃদ্ধির জন্য এই কার্যক্রমটি বাস্তবায়ন করা হচ্ছে। এই কার্যক্রমের মাধ্যমে সোশ্যাল চেইঞ্জ এজেন্টরা নিজেদের জ্ঞান ও দক্ষতার উন্নতি ঘটিয়ে সমাজে সম্প্রীতি ও শান্তি স্থাপন করছে। তারা সোশ্যাল হ্যাবে নিয়মিতই সামাজিক সম্প্রীতি বিষয়ক প্রশিক্ষণ পাচ্ছে। পাশাপাশি তাদের দক্ষতা আরো বৃদ্ধি করার জন্য বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হয় যেমন নেতৃত্ব এবং যোগাযোগ বিষয়ক প্রশিক্ষণ, ইন্টারনেটে সেফটি এবং নেট ব্রাউজিং বিষয়ক প্রশিক্ষণ, শিশু সুরক্ষা, পিএসইএ এবং সামাজিক সমস্যা বিষয়ক প্রশিক্ষণ, উদ্ভাবনী কর্মশালা ইত্যাদি। সেপ্টেম্বর মাসে ৫টি নেতৃত্ব ও যোগাযোগ এবং ৩টি অনলাইন সেফটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই প্রশিক্ষণে সর্বমোট অংশগ্রহণ করেন ১১৯ জন এবং এদের মধ্যে মেয়ে ১০৪ জন এবং ছেলে ১৫ জন। স্থানীয় সম্প্রদায়ের ৩টি সোশ্যাল হাবে প্রশিক্ষণগুলো অনুষ্ঠিত হয়েছে।

***একনজরে সেপ্টেম্বর ২০২১ মাসে বাস্তবায়িত কার্যক্রম সমূহ:***

| কার্যক্রম সমূহ | লক্ষ্য | অর্জন |
|---|---|---|
| এমপিসি ত্রৈমাসিক খেলা | ২০ | ৪ |
| ক্লাব এর ত্রৈমাসিক খেলা | ২৪ | ৫ |
| উদ্ভাবনী কর্মশালা | ৬ | ৩ |
| দিবস উদযাপন | ১ | ১ |
| অনলাইন নিরাপত্তা ও ইন্টারনেট ব্যবহার প্রশিক্ষণ | ৫ | ৩ |
| নের্তৃত্ব এবং যোগাযোগ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ৪ | ৩ |
| জীবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ১৬০ | ১৬০ |
| কেইস ম্যানেজমেন্ট সেবা | ৬০ | ৬০ |
| মনোসামাজিক সহায়তা | ১৬০ | ১৬০ |
| সিভিসিপিসি সভা | ৪০ | ৩১ |
| আরএল এম | ১৫ | ১৩ |
| পিসিসি সভা | ৩০ | ২৯ |

এই প্রকাশনাটি তৈরীতে প্রকল্পের সকল পর্যায়ের সহকমীগণ তথ্য এবং ছবি দিয়ে সহযোগীতা করেছেন।

শিশুসুরক্ষা প্রকল্প, কোস্ট উখিয়া রিলিফ অপারেশন সেন্টার

উখিয়া, কক্সবাজার।

যোগাযোগে- ০১৭০৮১২০৩৩১,   razaul@coastbd.net